



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
কাপাসিয়া, গাজীপুর।

ও.এম.এস ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি।

এতদ্বারা কাপাসিয়া উপজেলার সকল ব্যবসায়ী/ব্যক্তি/প্রতিষ্ঠানের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কাপাসিয়া উপজেলায় ও.এম.এস কর্মসূচির আওতায় সরকার নির্ধারিত মূল্যে দোকান/ট্রাক সেল এর মাধ্যমে চাল/আটা বিক্রয় কার্যক্রম পরিচালনার জন্য ০১ (এক) জন ও.এম.এস ডিলার জরুরী ভিত্তিতে নিয়োগ করা হবে। আগ্রহী ব্যবসায়ী/ব্যক্তি/প্রতিষ্ঠানকে আগামী ০৮/০৯/২০২২ খ্রি: তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে উপজেলা নির্বাহী অফিসার, কাপাসিয়া, গাজীপুর বরাবর আবেদন এবং প্রয়োজনীয় কাগজসহ নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয়ে জমা প্রদানের জন্য অনুরোধ করা হলো। নির্ধারিত তারিখ ও সময়ের পরে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

শর্তাবলী:

১. আবেদনকারীকে কাপাসিয়া উপজেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।
২. নাগরিকত্বের সত্যায়িত সনদ দাখিল করতে হবে।
৩. আবেদনপত্রের সাথে ০৩ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি দিতে হবে।
৪. ব্যবসায়ী হিসাবে হালসনের ট্রেড লাইসেন্সের সত্যায়িত কপি দিতে হবে।
৫. আইডি কার্ডের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।
৬. দোকানের মালিকানার দলিলপত্র/ভাড়াটিয়া চুক্তিনামার কপি দাখিল করতে হবে।
৭. দোকানের মেঝে অবশ্যই পাকা হতে হবে এবং পন্য নিরাপদ সংরক্ষণের উপযোগী হতে হবে।
৮. ডিলারকে আর্থিকভাবে স্বচ্ছতার স্বপক্ষে ব্যাংক সলভেন্সী থদান করতে হবে।
৯. শাস্তিপ্রাপ্ত/কালো তালিকাভুক্ত/বাতিল ও সাময়িকভাবে বরখাস্ত ব্যাক্তি ডিলার নিয়োগের জন্য আবেদন করতে পারবে না।
১০. একই ব্যক্তি খাদ্য বিভাগের একাধিক কর্মসূচির ডিলার হতে পারবেন না।
১১. কোন সরকারি কর্মচারী কিংবা জনপ্রতিনিধি ডিলার হতে পারবেন না।

উপরোক্ত শর্তাবলী ছাড়াও সরকারি যে কোন শর্তাবলী ডিলারকে অনুসরণে বাধ্য থাকতে হবে।

৪৪

(মো: শামীম আহামেদ)

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক

কাপাসিয়া, গাজীপুর।

তারিখঃ-০১/০৮/২০২২ খ্রি:

স্মারক নং ১৩.০২.৩৩৩৬.০০১.৫৭.৫৯.১৮.৫২৬(৮)

অনুলিপি: সদয় অবগতি/অবগতির জন্য।

১. মাননীয় সংসদ সদস্য, গাজীপুর- ৪ প্রধান উপদেষ্টা।
২. জেলা প্রশাসক, গাজীপুর।
৩. জেলা খাদ্য নিয়ন্ত্রক, গাজীপুর।
৪. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাপাসিয়া, গাজীপুর।
৫. উপজেলা নির্বাহী অফিসার, কাপাসিয়া ও সভাপতি উপজেলা ও.এম.এস কমিটি কাপাসিয়া, গাজীপুর।
৬. উপজেলা কৃষি কর্মকর্তা, সম্মানিত সদস্য ও.এম.এস কমিটি কাপাসিয়া, গাজীপুর।
৭. উপজেলা শিক্ষা কর্মকর্তা, সম্মানিত সদস্য ও.এম.এস কমিটি, কাপাসিয়া, গাজীপুর।
৮. জনাব মো: শহিদুল্লাহ, সভাপতি, বাংলাদেশ আওয়ামীলীগ কাপাসিয়া, গাজীপুর সম্মানিত সদস্য ও.এম.এস কমিটি কাপাসিয়া, গাজীপুর।
৯. জনাব মো: মিজানুর রহমান, সাধারণ সম্পাদক, বাংলাদেশ আওয়ামীলীগ কাপাসিয়া, গাজীপুর সম্মানিত সদস্য ও.এম.এস কমিটি কাপাসিয়া, গাজীপুর।।
১০. জনাব চিত্তরঞ্জন সাহা, বিশিষ্ট ব্যবসায়ী কাপাসিয়া, উপজেলা সম্মানিত সদস্য ও.এম.এস কমিটি, কাপাসিয়া, গাজীপুর।।
১১. উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কাপাসিয়া, গাজীপুর।
১২. নোটিশ বোর্ড।
১৩. অফিস কপি।

১৩/০৮/২২
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
কাপাসিয়া, গাজীপুর।